



একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প প্রতিহ্জাপন  
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
 বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২.২০২০-২৮ন (৫)

তারিখ : ১১/০৩/২০২০ খ্রি.

বিষয় : রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন দেউতি উচ্চ বিদ্যালয় ও কলেজের মোসা: আফছিনা খাতুন, প্রভাষক (অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল) এর এমপিওভুক্তকরণ।

সূত্র : (১) মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৫০৭২/২০১৮ এর আদেশ;  
 (২) শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৪১৪ তারিখ : ১১/১২/২০১৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন দেউতি উচ্চ বিদ্যালয় ও কলেজের প্রভাষক(অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল) জনাব মোসা: আফছিনা খাতুন এমপিওভুক্তির জন্য মহামান্য হাইকোর্টে রিটপিটিশন নং ৫০৭২/২০১৮ দায়ের করেন।

রিট মামলার রায়ের বিষয়ে মাউশি অধিদপ্তরের আইন শাখার মতামত : রংপুর জেলার পীরগাছা উপজেলাধীন দেউতি উচ্চ বিদ্যালয় ও কলেজের প্রভাষক(অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল) মোসা: আফছিনা খাতুন এর এমপিওভুক্তির জন্য মহামান্য হাইকোর্টে রিটপিটিশন নং ৫০৭২/২০১৮ দায়ের করেন। উক্ত রিট মামলায় মহামান্য আদালত রুজ নিষ্পত্তি করে রায় প্রদান করেন। রায়ে পিটিশনারকে জনবল কাঠামো-২০১০(সংশোধিত-২০১২) অনুসারে এমপিও শিটে অন্তর্ভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশনা প্রদান করেন। রায়ে জনবল কাঠামোর বিধির আলোকে এমপিও প্রদানের কথা উল্লেখ রয়েছে। সুতরাং আগীল করার প্রয়োজন নেই।

দেউতি উচ্চ বিদ্যালয় এন্ড কলেজটি উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত এম.পি.ও ভুক্ত। প্রতিষ্ঠানটিতে ০১/০৭/১৯৯৫ থেকে ব্যবসায় অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়ের স্বীকৃতি দেয়া হয় এবং ৩০/০৬/২০১৬ পর্যন্ত স্বীকৃতি বহাল ছিল। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড নতুন শিক্ষাক্রম প্রবর্তন করায় উচ্চমাধ্যমিক পর্যায়ে অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়টি বাদ দেয়া হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/ ৪১৪ তারিখ : ১১/১২/১৩ এর নং শর্তে বলা আছে “বর্তমানে কর্মরত এমপিওভুক্ত অথবা বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কোনো শিক্ষক বা শিক্ষিকাকে শিক্ষাক্রমে বিষয় পরিবর্তনের কারণে চাকুরিচ্যুত বা এমপিও বাতিল করা যাবে না অথবা এমপিও প্রাপ্তির ক্ষেত্রে কোন বাধা থাকবে না”। জনাব মোছা: আফছিনা খাতুন, প্রভাষক(অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল) পদে গত ২৭/১২/২০১২ তারিখে যোগদান করেন। কিন্তু পাঠ্যক্রমে পরিবর্তন হওয়ায় অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বিষয়টি বাতিল হওয়ায় তিনি এমপিওভুক্ত হতে পারছেন না।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১০ অনুযায়ী জনাব মোছা: আফছিনা খাতুন, প্রভাষক(অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল) এর নিয়োগ যথাযথ থাকলে রিট পিটিশন নং ৫০৭২/২০১৮ এর আদেশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৪১৪ তারিখ : ১১/১২/২০১৩ মোতাবেক এমপিওভুক্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alca/MS/16.3.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭



পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

রংপুর অঞ্চল, রংপুর।

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- (১) সভাপতি, গভর্নির্ভুল বডি, দেউতি উচ্চ বিদ্যালয় ও কলেজ, পীরগাছা, রংপুর;
- (২) জেলা শিক্ষা অফিসার, রংপুর;
- (৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগাছা, রংপুর;
- (৪) অধ্যক্ষ, দেউতি উচ্চ বিদ্যালয় ও কলেজ, পীরগাছা, রংপুর(অনলাইনে আবেদন করার অনুরোধসহ)
- (৫) সংরক্ষণ নথি।